গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
দিনাজপুর সরকারি কলেজ,দিনাজপুর
www.dgc.edu.bd
স্থাপিত-১৯৪২ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি নম্বর: দিসক/দিনাজ/স্নাতক (সম্মান) ১ম বর্ষ ভর্তি ২০২৩-২৪/২০২৪/১৩৯ তারিখ: ২০ আষাঢ় ১৪৩১ / ০৪ জুলাই ২০২৪

**২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমে ২য় পর্যায়ে অনলাইন প্রাথমিক আবেদন সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি**

(সূত্র: স্মারক নং-১০(২২৬)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/২০২৪/২৯৬৭ তারিখ: ৩০/০৬/২০২৪)
(কলেজ কোড-৩৪০১)

দিনাজপুর সরকারি কলেজের বিষয় কোডসমূহ:

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| বাংলা | ইংরেজি | দর্শন | ইতিহাস | ইস. ইতিহাস | অর্থনীতি | সমাজবিজ্ঞান | রাষ্ট্রবিজ্ঞান |
| কোড-১০০১ | কোড-১১০১ | কোড-১৭০১ | কোড-১৫০১ | কোড-১৬০১ | কোড-২২০১ | কোড-২০০১ | কোড-১৯০১ |
| পদার্থবিজ্ঞান | রসায়ন | গণিত | উদ্ভিদবিদ্যা | প্রাণিবিদ্যা | হিসাববিজ্ঞান | ব্যবস্থাপনা | |
| কোড-২৭০১ | কোড-২৮০১ | কোড-৩৭০১ | কোড-৩০০১ | কোড-৩১০১ | কোড-২৫০১ | কোড-২৬০১ | |

| ক্রমিক | উচ্চ মাধ্যমিক পর্যায়ে পঠিত শাখা | ২০২২/২০২৩ সালেন এইচএসসি/সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ (৪র্থ বিষয়সহ) | ২০২০/২০২১ সালেন এসএসসি/সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ (৪র্থ বিষয়সহ) | উভয় পরীক্ষা মিলে প্রাপ্ত ন্যূনতম জিপিএ |
|---|---|---|---|---|
| i) | মানবিক শাখা/ব্যবসায় শিক্ষা শাখা ও বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ডে থেকে HSC (বিজনেস্ ম্যানেজমেন্ট) ও ডিপ্লোমা-ইন-কমার্স শাখা | ২.৫ | ২.৫ | ৬.০ |
| ii) | বিজ্ঞান শাখা ও বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড থেকে HSC (ভোকেশনাল) শাখা | ৩.০ | ৩.০ | ৬.৫ |

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির জন্য যে সকল ইচ্ছুক আবেদনকারী প্রাথমিক আবেদন করতে পারেনি অথবা প্রাথমিক আবেদন করেও কলেজ কর্তৃক তা নিশ্চয়ন করা হয়নি তাদের জন্য এই ভর্তি কার্যক্রম ২য় পর্যায়ে অনলাইন প্রাথমিক আবেদন ০৭ জুলাই বিকাল ৪টা থেকে শুরু হয়ে ১৫ জুলাই ২০২৪ তারিখ রাত ১২টা পর্যন্ত চলবে। আগ্রহী প্রার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট থেকে আবেদন ফরম পূরণ করতে হবে এবং প্রাথমিক আবেদন ফি বাবদ ৩৫০/- (তিনশত পঞ্চাশ) টাকা আবেদনকৃত কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে অথবা সরাসরি ১৬ জুলাই ২০২৪ তারিখের মধ্যে অবশ্যই উক্ত কলেজে জমা দিতে হবে। ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমে ১ম পর্যায়ে যে সকল শিক্ষার্থী প্রাথমিক আবেদন করেছে সে সকল শিক্ষার্থীর ২য় পর্যায়ে আবেদন করার প্রায়োজন নাই। ২য় পর্যায়ে আবেদনকারী প্রার্থীদের সরাসরি কোন মেধা তালিকা দেয়া হবে না তবে তাদের মেধা তালিকায় স্থান পেতে অবশ্যই ২য় রিলিজ স্লিপে পাঁচটি কলেজে বিষয় পছন্দক্রম নির্ধারণ করে আবেদন করতে হবে। উল্লেখ্য যে, স্মারক নং-১০(২২৬) জাতী:বি:/রেজি:/অ্যাকা:/২০২৪/২৯০০, তারিখ: ১৫/০২/২০২৪ এ প্রকাশিত ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি বিজ্ঞপ্তিতে বর্ণিত অন্যান্য সকল শর্ত ও নিয়মাবলী অপরিবর্তিত থাকবে।
ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) এর Prospectus (Honours)/Inportant Notice অপশন থেকে জানা যাবে।

**২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমে ২য় পর্যায়ে প্রাথমিক আবেদন নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে**

| ক্রমিক | বিবরণ | আবেদনের তারিখ |
|---|---|---|
| ১) | ২য় পর্যায়ে অনলাইন প্রাথমিক আবেদন ফরম পূরণ ও এর প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহের তারিখ: | ০৭/০৭/২০২৪ থেকে ১৫/০৭/২০২৪ |
| ২) | আবেদনকারীদের ২য় পর্যায়ের প্রাথমিক আবেদন ফরমসহ আবেদন ফি বাবদ ৩৫০/- (তিনশত পঞ্চাশ) ও {মোবাইল ব্যাংকিং চার্জ ১৫/- (পনের) টাকা} সর্বমোট ৩৬৫/- (তিনশত পঁয়ষট্টি) টাকা সংশ্লিষ্ট কলেজে (কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে অথবা সরাসরি) জমা দেয়ার তারিখ: | ০৮/০৭/২০২৪ থেকে ১৬/০৭/২০২৪ |

৪/৭/২৪

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তিচ্ছু ছাত্রছাত্রীদের জানানো যাচ্ছে যে, তাদের প্রাথমিক আবেদন ও ভর্তি সংক্রান্ত কার্যক্রম নিম্নোক্তভাবে সম্পন্ন করা হবে:

**(১) ভর্তির আবেদনের নিয়মাবলি:**

(ক) ভর্তিচ্ছু প্রার্থীরা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.nu.ac.bd/admission) থেকে আগামী **০৭/০৭/২০২৪ তারিখ হতে ১৫/০৭/২০২৪ তারিখের** মধ্যে অনলাইনে আবেদন ফরমপূরণ করতে হবে। প্রার্থী যে বিষয়ে ভর্তি হতে ইচ্ছুক উচ্চ মাধ্যমিক/ সমমান পর্যায়ে সে বিষয়ে (২০০ নম্বরের) ন্যূনতম গ্রেড পয়েন্ট ৩.০০ থাকতে হবে।

(খ) প্রার্থী দিনাজপুর সরকারি কলেজের নাম সিলেক্ট করলে অত্র কলেজের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তিযোগ্য বিষয়সমূহের নাম ও আসন সংখ্যা দেখতে পাবে। এই তালিকা থেকে প্রার্থীকে সতর্কতার সাথে তার প্রার্থিতা বিষয়ের পছন্দক্রম নির্ধারণ করতে হবে।

(গ) ফরম পূরণের সময় আবেদনকারীর পাসপোর্ট আকারে সম্প্রতি তোলা রঙ্গিন ছবি Scan করে আপলোড করতে হবে। ছবির মাপ হবে ১২০×১২০ pixels, Image Type: jpg এবং maximum file size: 50Kb. আবেদনের ছবিটি সংরক্ষণ করতে হবে এবং পরবর্তীতে কলেজের online admission system এ একই ছবি ব্যবহার করতে হবে।

(ঘ) ডাউনলোডকৃত আবেদন ফরম অত্যন্ত সতর্কতার সাথে পূরণ করতে হবে। কলেজ কর্তৃক নিশ্চয়নের পর ফরমের ত্রুটি সংশোধন করা যাবে না। প্রাথমিক আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে ঐ আবেদনকারীর ভর্তি ও রেজি: বাতিল বলে গণ্য হবে। ত্রুটিপূর্ণ ও ভুল ছবিযুক্ত ফরম বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(ঙ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল, স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে ভর্তিকৃত কোনো শিক্ষার্থী ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে পারবে না। তবে এসকল শিক্ষার্থীরা নির্দিষ্ট সময়ে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের ভর্তি বাতিলপূর্বক ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে পারবে।

(চ) ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমে মেধা তালিকায় স্থানপ্রাপ্ত কোন শিক্ষার্থী স্নাতক সম্মান/ প্রফেশনাল/সম্মান (পাস) নিয়মিত/ প্রাইভেট কোর্সে ভর্তির পর রেজিস্ট্রেশন কার্ড ইস্যু হয়ে থাকলে তাকে অবশ্যই পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে এ শিক্ষা কার্যক্রমে ভর্তি হতে হবে। অন্যথায় দ্বৈত ভর্তির কারণে শিক্ষার্থীর উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

(ছ) মুক্তিযোদ্ধার সন্তান/ আদিবাসি/ প্রতিবন্ধি/ পোষ্য কোটায় ভর্তি হতে ইচ্ছুক প্রার্থীকে তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কোটা পূরণ করতে হবে। একজন প্রার্থী এক বা একাধিক কোটায় যোগ্য হলে কোটার পছন্দক্রম নির্ধারণ করে দিতে হবে। কোটার জন্য সংরক্ষিত আসন বিষয়ভিত্তিক বরাদ্দকৃত আসনের অতিরিক্ত হিসেবে বিবেচিত হবে। পোষ্য কোটায় শুধু জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা/ কর্মচারীদের সন্তানগণ আবেদন করতে পারবে।

**(২) আবেদন ফি:**

(ক) প্রাথমিক আবেদনেরন নির্ধারিত ফি ৩৫০/- (তিনশত পঞ্চাশ) ও {মোবাইল ব্যাংকিং চার্জ ১৫/- (পনের) টাকা} সর্বমোট ৩৬৫/- (তিনশত পঁয়ষট্টি) টাকা ডাচ্ বাংলা ব্যাংকের নেক্সাস পে গেট ওয়ের মাধ্যমে (মোবাইল ব্যাংকিং রকেটসহ) পরিশোধ করতে হবে।

(খ) কলেজের ওয়েবসাইট www.dgc.edu.bd এ প্রবেশ করে PAYMENT Option এ গিয়ে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত রোল নম্বর দিতে হেব অতঃপর ইংরেজিতে বড় হাতের অক্ষরে নিজের নাম, পিতার নাম, মাতার নাম ও জাতীয় বিশ্ববিদ্যালয়ে ফরমপূরণ করার সময় যে ছবি আপলোড করা হয়েছে সেই ছবি ও মোবাইল নম্বর দিয়ে প্রবেশ করতে হবে। PAYMENT করতে হবে PAYMENT Option এ গিয়ে সকল তথ্য সঠিক আছে কিনা যাচাই করে তার পর পরিশোধ করতে হবে। রকেট নাম্বার বা নেক্সাস পে কার্ড নাম্বার দেওয়ার পর উক্ত মোবাইল নাম্বারে (রকেট/নেক্সাস পে) OTP যাবে সে নাম্বারটি দিয়ে ফি পরিশোধ সম্পন্ন করতে হবে। একবার PAYMENT সম্পন্ন হলে সেই ফি/টাকা কোন অবস্থাতেই ফেরতযোগ্য নয়।

**(৩) ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে বিষয় নির্বাচন সংক্রান্ত যোগ্যতা: (*চিহ্নিত বিষয়গুলোতে দিনাজপুর সরকারি কলেজে অনার্স রয়েছে)**

ক) মানবিক (Numanities) শাখা

| ক্রমিক | ভর্তিচ্ছু বিষয় ও কোড | নিম্নের বিষয়সমূহের যে কোন একটি উচ্চ মাধ্যমিক/ সমমান পরীক্ষায় পঠিত হিসাবে থাকতে হবে। উক্ত পঠিত বিষয়ে (২০০ নম্বরের) ন্যূনতম গ্রেড পয়েন্ট ৩.০ পেতে হবে | উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য আসন বণ্টন (শতকরা হারে) |
|---|---|---|---|
| * ১। | বাংলা (Bangla) (1001) | ১। বাংলা (Bangla)<br>২। ইংরেজি (English) | মানবিক শাখা → ৭০%<br>বিজ্ঞান শাখা → ১৫%<br>ব্যবসায় শিক্ষা শাখা → ১৫%<br>► ১ম ও ২য় মেধা তালিকায় ভর্তির পরেও যদি বিষয়ভিত্তিক আসন শূন্য থাকে সেক্ষেত্রে মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য নির্ধারিত আসন বণ্টনের শতকরা হার রহিত করে রিলিজ স্লিপের ফলাফল প্রকাশ করা হবে। |
| * ২। | ইংরেজি (English) (1101) | ১। ইংরেজি (English) | |
| ৩। | আরবি (Arabic) (1201) | ১। আরবি (Arabic) | |
| ৪। | সংস্কৃত (Sanskrit) (1301) | ১। সংস্কৃত (Sanskrit)<br>২। বাংলা (Bangla) | |
| * ৫। | ইতিহাস (History) (1501) | ১। ইতিহাস (History)<br>২। ইসলামের ইতিহাস ও সংস্কৃত (Islamic History & Culture)<br>৩। সমাজবিজ্ঞান (Sociology)<br>৪। সমাজকল্যাণ (Social Welfare)<br>৫। পৌরনীতি ও সুশাসন (Civics & Good Governance)<br>৬। যুক্তিবিদ্যা (Logic) | মানবিক শাখা → ১০০% |
| * ৬। | ইসলামের ইতিহাস ও সংস্কৃতি (Islamic History & Culture) (1601) | ১। ইসলামের ইতিহাস ও সংস্কৃত (Islamic History & Culture)<br>২। ইতিহাস (History)<br>৩। সমাজবিজ্ঞান (Sociology)<br>৪। সমাজকল্যাণ (Social Welfare)<br>৫। পৌরনীতি ও সুশাসন (Civics & Good Governance) | |

| | | | |
|---|---|---|---|
| *৭। | দর্শন (Philosophy)<br>(1701) | ১। যুক্তিবিদ্যা (Logic)<br>২। পৌরনীতি ও সুশাসন (Civics & Good Governance)<br>৩। সমাজবিজ্ঞান (Sociology)<br>৪। সমাজকল্যাণ (Social Welfare)<br>৫। মনোবিজ্ঞান (Psychology) | |
| ৮। | ইসলামিক স্টাডিজ (Islamic Studies) (1801) | ১। ইসলাম শিক্ষা (Study of Islam)<br>২। আল-ফিকহ্ (Al-Fiquh)<br>৩। তাজবীদ (Tazbid)<br>৪। আরবি (Arabic) | |
| *৯। | রাষ্ট্রবিজ্ঞান (Political Science) (1901) | ১। পৌরনীতি ও সুশাসন (Civics & Good Governance)<br>২। সমাজবিজ্ঞান (Sociology)<br>৩। সমাজকল্যাণ (Social Welfare)<br>৪। অর্থনীতি (Economics)<br>৫। ইতিহাস (History)<br>৬। যুক্তিবিদ্যা (Logic)<br>৭। উচ্চতর গণিত (Higher Mathematics)<br>৮। জীববিজ্ঞান (Biology) | মানবিক শাখা → ৯০%<br>বিজ্ঞান শাখা → ৫%<br>ব্যবসায় শিক্ষা শাখা → ৫%<br>► ১ম ও ২য় মেধা তালিকায় ভর্তির পরও যদি বিষয়ভিত্তিক আসন শূন্য থাকে সেক্ষেত্রে মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য নির্ধারিত আসন বন্টনের শতকরা হার রহিত করে রিলিজ স্লিপের ফলাফল প্রকাশ করা হবে। |
| *১০। | সমাজবিজ্ঞান (Sociology) (2001) | | |
| ১১। | সমাজকর্ম<br>(Social Work) (2101) | | |
| *১২। | অর্থনীতি<br>(Economics) (2201) | | মানবিক শাখা → ৮০%<br>বিজ্ঞান শাখা → ১০%<br>ব্যবসায় শিক্ষা শাখা → ১০%<br>► ১ম ও ২য় মেধা তালিকায় ভর্তির পরও যদি বিষয়ভিত্তিক আসন শূন্য থাকে সেক্ষেত্রে মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য নির্ধারিত আসন বন্টনের শতকরা হার রহিত করে রিলিজ স্লিপের ফলাফল প্রকাশ করা হবে। |
| ১৩। | নৃ-বিজ্ঞান (Anthropology)<br>(4001) | ১। সমাজবিজ্ঞান (Sociology)<br>২। সমাজকল্যাণ (Social Welfare)<br>৩। ভূগোল (Geography)<br>৪। ইতিহাস (History)<br>৫। পৌরনীতি ও সুশাসন (Civics & Good Governance)<br>৬। জীববিজ্ঞান (Biology)<br>৭। মনোবিজ্ঞান (Psychology) | মানবিক শাখা → ৯০%<br>বিজ্ঞান শাখা → ৫%<br>ব্যবসায় শিক্ষা শাখা → ৫%<br>► ১ম ও ২য় মেধা তালিকায় ভর্তির পরও যদি বিষয়ভিত্তিক আসন শূন্য থাকে সেক্ষেত্রে মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য নির্ধারিত আসন বন্টনের শতকরা হার রহিত করে রিলিজ স্লিপের ফলাফল প্রকাশ করা হবে। |
| ১৪। | গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান<br>(Library & Information Science) (3801) | ১। সমাজবিজ্ঞান (Sociology)<br>২। সমাজকল্যাণ (Social Welfare)<br>৩। ইতিহাস (History)<br>৪। পৌরনীতি ও সুশাসন (Civics)<br>৫। পদার্থবিজ্ঞান (Physics)<br>৬। রসায়ন (Chemistry)<br>৭। হিসাববিজ্ঞান (Accounting)<br>৮। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা (Business Organization & Management) | উচ্চ মাধ্যমিক/সমমান পর্যায়ে মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য মেধাস্কোরের ভিত্তিতে আসন বণ্টন করা হবে। |
| ১৫। | গার্হস্থ্য অর্থনীতি (Home Economics) (3501) | ১। গার্হস্থ্য বিজ্ঞান (Home Science)<br>২। সাধারণ বিজ্ঞান এবং খাদ্য ও পুষ্টি বিজ্ঞান (General Science & Food & Nutrition)<br>৩। ব্যবহারিক শিল্পকলা এবং বস্ত্র ও পোশাকশিল্প (Applied Art & Clothing & Textile)<br>৪। গৃহ-ব্যবস্থাপনা ও শিশুবর্ধন এবং পারিবারিক সম্পর্ক (Home Management & Child Development & Family Relations)<br>৫। গার্হস্থ্য অর্থনীতি (Home Economics)<br>৬। জীববিজ্ঞান (Biology)<br>৭। মনোবিজ্ঞান (Psychology) | মানবিক শাখা → ৯০%<br>বিজ্ঞান শাখা → ১০%<br>(সকল আসন মহিলা আবেদনকারীদের জন্য সংরক্ষিত থাকবে।)<br>► ১ম ও ২য় মেধা তালিকায় ভর্তির পরও যদি বিষয়ভিত্তিক আসন শূন্য থাকে সেক্ষেত্রে মানবিক ও বিজ্ঞান শাখার জন্য নির্ধারিত আসন বন্টনের শতকরা হার রহিত করে রিলিজ স্লিপের ফলাফল প্রকাশ করা হবে। |
| ১৬। | বি. এ. (অনার্স) ইন মিউজিক<br>B. A. (Honours) in Music<br>(4501) | ১। বাংলা (Bangla)<br>২। ইংরেজি (English)<br>৩। উচ্চাঙ্গ সংগীত<br>৪। লঘু সংগীত<br>৫। ইতিহাস (History)<br>৬। সমাজবিজ্ঞান (Sociology)<br>৭। যুক্তিবিদ্যা (Logic)<br>৮। উচ্চতর গণিত (Higher Mathematics)<br>৯। হিসাববিজ্ঞান (Accounting) | উচ্চ মাধ্যমিক/সমমান পর্যায়ে মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য মেধাস্কোরের ভিত্তিতে আসন বণ্টন করা হবে। |

খ) বিজ্ঞান (Science) শাখা

| ক্রমিক | ভর্তিচ্ছু বিষয় ও কোড | নিম্নের বিষয়সমূহের যে কোন একটি উচ্চ মাধ্যমিক/ সমমান পরীক্ষায় পঠিত হিসাবে থাকতে হবে। উক্ত পঠিত বিষয়ে (২০০ নম্বরের) ন্যূনতম গ্রেড পয়েন্ট ৩.০ পেতে হবে | উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য আসন বণ্টন (শতকরা হারে) |
|---|---|---|---|
| * ১৭। | পদার্থবিজ্ঞান (Physics) (2701) | ১। পদার্থবিজ্ঞান (Physics)<br>২। রসায়ন (Chemistry)<br>৩। উচ্চতর গণিত (Higher Mathematics) | বিজ্ঞান শাখা → ১০০% |
| * ১৮। | রসায়ন (Chemistry) (2801) | ১। রসায়ন (Chemistry)<br>২। পদার্থবিজ্ঞান (Physics)<br>৩। উচ্চতর গণিত (Higher Mathematics) | |
| ১৯। | প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান (Biochemistry and Molecular Biology) (2901) | ১। রসায়ন (Chemistry)<br>২। জীববিজ্ঞান (Biology)<br>৩। মনোবিজ্ঞান (Psychology) | |
| * ২০। | উদ্ভিদবিজ্ঞান (Botany) (3001) | | |
| * ২১। | প্রাণীবিজ্ঞান (Zoology) (3101) | | |
| ২২। | মৃত্তিকাবিজ্ঞান (Soil Science) (3301) | | |
| ২৩। | পরিসংখ্যান (Statistics) (3601) | ১। পরিসংখ্যান (Statistics)<br>২। উচ্চতর গণিত (Higher Mathematics)<br>৩। পদার্থবিজ্ঞান (Physics) | |
| * ২৪। | গণিত (Mathematics) (3701) | ১। উচ্চতর গণিত (Higher Mathematics)<br>২। পরিসংখ্যান (Statistics)<br>৩। পদার্থবিজ্ঞান (Physics) | |
| ২৫। | পরিবেশ বিজ্ঞান (Environmental Science) (4401) | ১। ভূগোল (Geography)<br>২। রসায়ন (Chemistry)<br>৩। জীববিজ্ঞান (Biology)<br>৪। পদার্থবিজ্ঞান (Physics)<br>৫। উচ্চতর গণিত (Higher Mathematics)<br>৬। পরিসংখ্যান (Statistics) | |
| ২৬। | ভূগোল ও পরিবেশ (Geography and Environment) (3201) | ১। ভূগোল (Geography)<br>২। উচ্চতর গণিত (Higher Mathematics)<br>৩। সমাজবিজ্ঞান (Sociology)<br>৪। সমাজকল্যাণ (Social Welfare)<br>৫। পৌরনীতি ও সুশাসন (Civics)<br>৬। পদার্থবিজ্ঞান (Physics)<br>৭। পরিসংখ্যান (Statistics)<br>৮। রসায়ন (Chemistry) | উচ্চ মাধ্যমিক/সমমান পর্যায়ে মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য মেধাস্কোরের ভিত্তিতে আসন বণ্টন করা হবে। |
| ২৭। | মনোবিজ্ঞান (Psychology) (3401) | ১। মনোবিজ্ঞান (Psychology)<br>২। জীববিজ্ঞান (Biology)<br>৩। গার্হস্থ্য বিজ্ঞান (Home Science)<br>৪। গার্হস্থ্য অর্থনীতি (Home Economics)<br>৫। যুক্তিবিদ্যা (Logic)<br>৬। সমাজবিজ্ঞান (Sociology)<br>৭। সমাজকল্যাণ (Social Welfare)<br>৮। হিসাববিজ্ঞান (Accounting)<br>৯। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা (Business Organization & Management)<br>১০। পদার্থবিজ্ঞান (Physics)<br>১১। পরিসংখ্যান (Statistics)<br>১২। রসায়ন (Chemistry)<br>১৩। উচ্চতর গণিত (Higher Mathematics) | উচ্চ মাধ্যমিক/সমমান পর্যায়ে মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য মেধাস্কোরের ভিত্তিতে আসন বণ্টন করা হবে। |

গ) ব্যবসায় প্রশাসন (Business Administration) শাখা

| ক্রমিক | ভর্তিচ্ছু বিষয় ও কোড | নিম্নের বিষয়সমূহের যে কোন একটি উচ্চ মাধ্যমিক/ সমমান পরীক্ষায় পঠিত হিসাবে থাকতে হবে। উক্ত পঠিত বিষয়ে (২০০ নম্বরের) ন্যূনতম গ্রেড পয়েন্ট ৩.০ পেতে হবে | উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য আসন বণ্টন (শতকরা হারে) |
|---|---|---|---|
| ২৮। | মার্কেটিং (Marketing) (2301) | ১। হিসাববিজ্ঞান (Accounting)<br>২। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা (Business Organization & Management)<br>৩। ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা (Finance, Banking and Insurance)<br>৪। উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন (Production | ব্যবসায় শিক্ষা শাখা → ৯০%<br>বিজ্ঞান শাখা → ৫%<br>মানবিক শাখা → ৫%<br>► ১ম ও ২য় মেধা তালিকায় ভর্তির পরও যদি বিষয়ভিত্তিক আসন শূন্য থাকে সেক্ষেত্রে |
| ২৯। | ফিন্যান্স (Finance) (2401) | | |
| * ৩০। | হিসাববিজ্ঞান (Accounting) (2501) | | |

| | | | |
|---|---|---|---|
| * ৩১। | ব্যবস্থাপনা (Management) (2601) | Management & Marketing)<br>৫। অর্থনীতি (Economics)<br>৬। পরিসংখ্যান (Statistics)<br>৭। উচ্চতর গণিত (Higher Mathematics) | মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য নির্ধারিত আসন বন্টনের শতকরা হার রহিত করে রিলিজ স্লিপের ফলাফল প্রকাশ করা হবে। |

৪। অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ ও করণীয়

| ফরম পূরণের ধাপসমূহ | করণীয় |
|---|---|
| লগইন (Login) | আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটে (www.nu.ac.bd/admissions) Honours Tab-এ গিয়ে Apply Now (Honours) অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, শিক্ষা বোর্ড/বিশ্ববিদ্যালয়, পাসের সন ও একটি নিবন্ধিত মোবাইল নম্বর (নিজের অথবা অভিভাবকের) সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। উল্লেখ্য যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে ভবিষ্যতে উক্ত শিক্ষার্থীকে শিক্ষা সহায়ক তথ্য প্রদানের ক্ষেত্রে এই মোবাইল নম্বরটি ব্যবহার করা হবে। |
| সঠিক লিঙ্গ (Gender) নির্ধারণ | এ পর্যায়ে আবেদনকারীর অনলাইনে সংরক্ষিত ডাটাবেজের তথ্য অনুযায়ী Male/Female প্রদর্শিত হবে। আবেদনকারীর তথ্য ছকে Male এর স্থলে Female বা Female এর স্থলে Male প্রদর্শিত হলে Click to Change অপশনে গিয়ে সঠিক Gender এন্ট্রি দিতে হবে। উল্লেখ্য যে, ইচ্ছাকৃত অথবা Gender ত্রুটির কারণে কোন পুরুষ আবেদনকারী মহিলা কলেজে আবেদন করলে ঐ আবেদনকারীর আবেদন ফরম/ভর্তি বাতিল বলে গণ্য হবে। |
| কলেজ ও বিষয় পছন্দক্রম নির্ধারণ | আবেদনকারীর পছন্দ অনুয়ায়ী বিভাগ ও জেলাভিত্তিক যে কোন কলেজের নাম Select করলে সংশ্লিষ্ট কলেজে তার ভর্তি যোগ্য (Eligible) বিষয়ের তালিকা ও আসন সংখ্যা দেখতে পাবে। এই তালিকা থেকে আবেদনকারীকে সর্তকতার সঙ্গে তার প্রার্থিত বিষয়ের পছন্দক্রম নির্ধারণ করতে হবে। পরবর্তীতে আবেদনকারীর এই পছন্দক্রম অনুসারে মেধার ভিত্তিতে বিষয় বরাদ্দ দেয়া হবে। |
| প্রযোজ্য ক্ষেত্রে কোটার আবেদন | মুক্তিযোদ্ধার সন্তান/নাতি/নাতনি, ক্ষুদ্র নৃগোষ্ঠী, বিশেষ চাহিদা সম্পন্ন/ভিন্নভাবে সক্ষম অথবা পোষ্য কোটায় ভর্তি হতে ইচ্ছুক আবেদনকারীকে তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কোটা Select করতে হবে। উল্লেখ্য যে, পোষ্য কোটায় শুধুমাত্র জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সন্তান/সন্তানাদি আবেদন করতে পারবে। কোটায় আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র থাকতে হবে। একজন আবেদনকারী এক বা একাধিক কোটায় যোগ্য হলে কোটার পছন্দক্রম নির্ধারণ করে দিতে হবে। উল্লেখ্য যে, কোটার জন্য সংরক্ষিত আসন বিষয়ভিত্তিক বরাদ্দকৃত আসনের অতিরিক্ত হিসাবে বিবেচিত হবে। |
| ছবি সংযোজন | প্রাথমিক আবেদন ফরম পূরণের সময় আবেদনকারীর পাসপোর্ট আকারের সম্প্রতি তোলা রঙ্গিন ছবি Scan করে আপলোড করতে হবে। ছবির মাপ 120×150 pixels, Image Type: jpg এবং maximum file size:50Kb হতে হবে।<br>আবেদনকারীর ছবি ব্যতীত অন্য কোন ছবি প্রাথমিক আবেদন ফরমে আপলোড করা হলে ঐ আবেদনকারীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে। |
| ফরম চূড়ান্তকরণ | সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে প্রথমে ফরমটি Submit Application অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে প্রিন্ট/pdf কপি সংগ্রহ করতে হবে। |
| আবেদন ফরম বাতিলকরণ/ত্রুটিপূর্ণ ছবি পরিবর্তন | আবেদনকারীকে তার প্রাথমিক আবেদন ফরমে প্রদর্শিত সকল তথ্য ও ছবি সঠিক আছে কিনা তা পুঙ্খানুপুঙ্খভাবে যাচাই করে নিতে হবে। আবেদন ফরমে তথ্যগত অমিল বা ত্রুটিপূর্ণ ছবি থাকলে তা সংশোধন করতে হবে। আবেদন ফরম সংশোধনের জন্য আবেদনকারীকে Applicant Login অপশনে Honours Login লিংকে গিয়ে আবেদন ফরমের রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারী Form Cancel/Photo Change Option লিংকে গিয়ে Click to Generate the Security Key অপশনটি ক্লিক করলে তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে One Time Password (OTP) দেয়া হবে। এই OTP এন্ট্রি দিয়ে আবেদনকারী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ ও সঠিক ছবি আপলোড করতে পারবে। উল্লেখ্য যে, আবেদনকারী শুধুমাত্র একবারই প্রাথমিক আবেদন ফরম বাতিল করার সুযোগ পাবে। কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করার পরে ঐ আবেদনকারীর আর ফরম বাতিল/ত্রুটিপূর্ণ ছবি পরিবর্তন করার সুযোগ থাকবে না। |
| সংশ্লিষ্ট কলেজে প্রাথমিক আবেদন ফি প্রদান | আবেদনকারীকে প্রিন্ট করা প্রাথমিক আবেদন ফরমের নির্ধারিত স্থানে তারিখসহ স্বাক্ষর করতে হবে। আবেদনকারী কর্তৃক স্বাক্ষরিত এই আবেদন ফরম ও প্রাথমিক আবেদন ফি বাবদ ৩৫০/- (তিনশত পঞ্চাশ) টাকা সংশ্লিষ্ট কলেজে (কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে অথবা সরাসরি) যথাসময়ে জমা দিতে হবে। কলেজ যে সকল আবেদনকারীর প্রাথমিক আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করবে, সে সকল আবেদনকারীকে SMS এর মাধ্যমে তা জানিয়ে দেয়া হবে। কলেজে আবেদন পত্র ও নির্ধারিত আবেদন ফি জমা দেয়ার পরে আবেদনকারী তার মোবাইল ফোনে SMS না পেলে বুঝতে হবে যে, তার আবেদন ফরম সংশ্লিষ্ট কলেজ কর্তৃক নিশ্চয়ন করা হয়নি। এক্ষেত্রে আবেদনকারীকে সংশ্লিষ্ট কলেজে নির্ধারিত সময়ের মধ্যে যোগাযোগ করতে হবে। কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন নিশ্চয়ন ব্যতীত কোন আবেদনকারীর মেধা তালিকা প্রণয়ন করা হবে না। |

৪/৭/২৫

(৫) আবেদন ফরম জমা: জাতীয় বিশ্ববিদ্যালয়ের আবেদন ফরম, কলেজে ভর্তির প্রাথমিক আবেদন ফরম ও ফি পরিশোধের ডাউনলোডকৃত স্লিপ নিজ দায়িত্বে সংরক্ষণ করতে হবে। যারা ভর্তির জন্য মনোনীত হবে তাদের ভর্তিও সময় প্রাথমিক আবেদন ফরম অবশ্যই জমা দিতে হবে।

(৬) কোটায় আবেদনের ক্ষেত্রে প্রাথমিক আবেদনপত্র, টাকা জমাদানের রসিদ ও সংশ্লিষ্ট কোটার মূল সনদপত্র নিজ দায়িত্বে সংরক্ষণ করতে হবে। ভর্তিও সময় উক্ত কাগজপত্র ভর্তি কমিটি/সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে। কোটার সদন/তথ্য ভুল দিলে ভর্তিও সিলেকশন বাতিল হতে পারে।

**(৭) ফলাফল প্রকাশ:**

(ক) ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে **১ম** বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমে আবেদনকারী প্রার্থীদেও কোনো ভর্তি পরীক্ষা দিতে হবে না।

(খ) প্রতিটি কলেজের জন্য আলাদাভাবে মেধা তালিকা তৈরি কওে প্রার্থীদের পছন্দক্রমের উর্ধ্বক্রম অনুযায়ী **১ম** বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির বিষয় বরাদ্দ দেয়া হবে।

(গ) শিক্ষার্থীরা ভর্তি সংশ্লিষ্ট ওয়েবসাইট www.nu.ac.bd/admission অথবা SMS (nu<space>athn<space>roll no) টাইপ করে 16222 নম্বরে send করে ফলাফল জানতে পারবে।

(ঘ) ভর্তিও ফলাফল পর্যায়ক্রমে প্রথম মেধা তালিকা, শূন্য আসন সাপেক্ষে দ্বিতীয় মেধা তালিকা, বিশেষ কোটা এবং রিলিজ স্লিপের (প্রয়োজনে একাধিকবার) মাধ্যমে প্রকাশ করা হবে। এরপর ভর্তির জন্য সংশ্লিষ্ট বিভাগে যোগাযোগ করতে হবে।

(ঙ) যে সকল প্রার্থী মেধা তালিকায় স্থান পাবে না, ভর্তি বাতিল করবে অথবা মেধা তালিকায় স্থান পেয়েও ভর্তি হবে না। সে সকল প্রার্থী পাঁচটি কলেজে আলাদাভাবে বিষয় পছন্দক্রম নির্ধারণ করে রিলিজ স্লিপের জন্য আবেদন করতে পারবে।

ভর্তি সংক্রান্ত কলেজের তথ্য www.dgc.edu.bd কলেজ ওয়েবসাইটে পাওয়া যাবে।

বি:দ্র: প্রাথমিক আবেদন ও ভর্তি সংক্রান্ত যাবতীয় বিষয়ে জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রকাশিত ভর্তি নির্দেশিকা অনুসরণ করা হবে। এই ভর্তি কার্যক্রমের যে কোনো ধারা/নিয়মাবলির সংশোধন, সংযোজন, পরিবর্তন বা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে। এছাড়াও ভর্তিও প্রাথমিক আবেদন বিষয়ে কোন কিছু জানার থাকলে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admission) এ ভিজিট করে ভর্তি বিষয়ক সাধারণ নির্দেশনা দেখার জন্য বলা হলো।

**প্রয়োজনে: জনাব মো. মোস্তাফিজুর রহমান খান, সহযোগী অধ্যাপক, পদার্থবিদ্যা (মোবাইল নম্বর: ০১৭১১২৮৮৮৪৬), জনাব মো. আনোয়ার সাদাত, সহকারী অধ্যাপক, ইসলামি শিক্ষা (মোবাইল নম্বর: ০১৭১২৮২৯৩০০) ও জনাব আহাম্মদ আলী, শরীরচর্চা শিক্ষক (মোবাইল নম্বর: ০১৭১৮১৬৮০৯৮)**

প্রতিস্বাক্ষর

(প্রফেসর মো. আবু বকর সিদ্দিক)
অধ্যক্ষ
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

(প্রফেসর মো. ইদ্রিস মিঞা)
আহবায়ক
১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কমিটি ২০২৩-২০২৪
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

অনুলিপি:

১. উপাধ্যক্ষ, দিনাজপুর সরকারি কলেজ
২. হিসাব শাখা ও ক্যাশ শাখা, দিনাজপুর সরকারি কলেজ
৩. অফিস নথি